গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

স্মারক নং- ১২.১৮.৩৬৪৪.০৩৯.০০১.৯৯.২৫.১১৯১ তারিখঃ ১৫/১২/২০২৫খ্রি.

**বিষয়: নির্বিঘ্নে বোরোধান ও রবি ফসল আবাদের লক্ষ্যে সার ব্যবস্থাপনা জোড়দারকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষক পর্যায়ে কৃষি উপকরণ সরবরাহে আপনার প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ন অংশীদার। চলতি রবি মৌসুমে বোরো ধান ও রবি ফসল নির্বিঘ্নে আবাদের লক্ষ্যে সার ব্যবস্থাপনা জোড়দারকরণের নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণ করার জন্য সকল বিসিআইসি, বিএডিসি ডিলারগণ ও খুচরা সার বিক্রেতাগণকে বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

১। নিয়মিতভাবে বরাদ্দকৃত সার উত্তোলন নিশ্চিত করা।
২। সার উত্তোলনপূর্বক অনতিবিলম্বে আগমনীবার্তা দাখিল করা।
৩। আগমনী বার্তার সহিত চালানের কপি সংযুক্ত করা।
৪। সরকার নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে সার বিতরণ নিশ্চিত করা।
৫। দৃশ্যমান স্থানে লালশালুতে মূল্য তালিকা প্রদর্শন নিশ্চিত করা।
৬। সার বিতরণ রেজিষ্ট্রার ক্রেতার মোবাইল নম্বরসহ হালনাগাদ রাখা।
৭। সার সংক্রান্ত সকল রেজিষ্ট্রার হালনাগাদ রাখা।
৮। সার পরিবহনকালে পরিবহন চালকের নিকট প্রয়োজনীয় ডকুমেন্টস এর কপি/ প্রমাণক রাখা।
৯। ক্রেতাকে বিক্রয় রশিদ প্রদান করা, বিক্রয় রশিদে ক্রেতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করা।
১০। প্রতিমাসে নিয়মিত সার বরাদ্দ প্রদান করা হচ্ছে সুতরাং সারের মজুদ যাতে শূন্য না হয় সে বিষয়ে সতর্ক থাকা।
১১। সুষম সার ব্যবহার সংক্রান্ত সরবরাহকৃত লিফলেট আপনার প্রতিষ্ঠানে প্রদর্শন করা।
১২। প্রয়োজনের অতিরিক্ত সার ক্রয়ে/মজুদে কৃষকগণকে নিরুৎসাহিত করা।
১৩। সার সংক্রান্ত যে কোন সমস্যা পরিলক্ষিত হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করা।

15.12.25

(এ, কে, এম মাকসুদুল আলম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

15/12/2025

প্রাপক
মেসার্স ..........................................................
প্রোপাইটরঃ ....................................................
বিসিআইসি/বিএডিসি সার ডিলার/ খুচরা সার বিক্রেতা (সকল)
.........................................., ইউনিয়ন, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

স্মারক নং- ১২.১৮.৩৬৪৪.০৩৯.০০১.৯৯.২৫.১১৯১/৯৯(১৯) তারিখঃ ১৫/১২/২০২৫খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, উপজেলা কৃষি অফিস, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
৪। উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
৫। ................................................ উপসহকারী কৃষি অফিসার (সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
৬। অফিস নথি।

উপজেলা কৃষি অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

CS CamScanner